

১নং ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

স্মারক নং ঘোষণা/ইউপি-২৭/২০২৩

তারিখ : ০৭/০৫/২০২৩ খ্রি:

ইউনিয়ন মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার স্থান : ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ : ০৭-০৫-২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর :

ক্রমিক নং	উপস্থিত সদস্যদের নাম	পদবী	পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ ইমরান হোসেন	ইউ.পি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২.	জনাব সাবিনা বেগম	স:ম: সদস্য - ০১	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব মোছাঃ ফেরদৌসি খানম	স:ম: সদস্য - ০২	সদস্য	স্বাক্ষরিত
৪.	জনাব মোছাঃ আয়শা বেগম	স:ম: সদস্য - ০৩	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব ফুল মিয়া	সদস্য ০১ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৬.	জনাব মোঃ ফিরোজ মল্যুত	সদস্য ০২ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ সেলিম হোসেন	সদস্য ০৩ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৮.	জনাব মোঃ কামরুল ইসলাম	সদস্য ০৪ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৯.	জনাব মোঃ জিয়াউর রহমান	সদস্য ০৫ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১০.	জনাব নাহ্নু মিয়া	সদস্য ০৬ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১১.	জনাব মোঃ দেলোয়ার হোসেন	সদস্য ০৭ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১২.	জনাব মোঃ সামচুজ্জামান	সদস্য ০৮ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৩.	জনাব তপন কুমার সরকার	সদস্য ০৯ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত

সভাপতিত্ব করেনঃ জনাব মোঃ ইমরান হোসেন, চেয়ারম্যান, ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।

আলোচ্যসূচীঃ

- গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট উন্মুক্ত সভা সম্পর্কে ব্যাপক আলোচনা।
- ২০২২-২০২৩ অর্থ বছরে মে/২০২৩ মাসের মাতৃত্ব ভাতা উপকার ভোগী নির্বাচন সম্পর্কে আলোচনা।
- প্রাকৃতিক দুর্যোগ ঘূর্ণিঝড় “মোখা” সম্পর্কে আলোচনা।
- এপ্রিল/২০২৩ মাসের আয়-ব্যয়ের প্রসঙ্গে।

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

আলোচনা ও সিদ্ধান্তঃ

১। অধ্যকার সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এর বিরুদ্ধে কোন প্রকার ওজর আপোত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। ২০২২-২০২৩ অর্থ বছরে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বাস্তবায়নের জন্য খাতওয়ারী বাজেট জনগনের মধ্য হতে সর্বাধিক গুরুত্ব সহকারে বিভিন্ন প্রকল্প সহ সাধারণ মানুষের চাহিদা কে ব্যাপক গুরুত্ব দিয়ে বাজেট তৈরী করতে হবে এবং সেই সব প্রকল্পের এবং চাহিদার গুরুত্ব দিতে হবে বলে উপস্থিত সকল সদস্যকে অবগত করেন। এ ব্যাপারে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য মাতৃত্বভাতা মে/২০২৩ মাসের জন্য উপকার ভোগী নির্বাচন করা প্রয়োজন। এই ব্যাপারে সভাপতি সাহেব বলেন প্রতি মাসের ন্যায় মে/২০২৩ মাসে আটি মাতৃ ভাতা আমাদের ইউনিয়ন হতে তালিকা উপজেলায় অনুমোদনের জন্য দিতে পারব। তিনি উপস্থিত সকল সদস্যকে অবগত করেন যে, আপনারা প্রত্যেক ওয়ার্ড হতে দুঃস্থ ও অসহায় লোককে নির্বাচন করবেন এবং যে সমস্ত মহিলা মে/২০২৩ মাসে গর্ভকাল চার মাস হতে ছয় মাস তাদের নির্বাচন করার জন্য অনুরোধ করেন তিনি আরও বলেন বয়স সীমা ২০ থেকে ৩৫ বছর পর্যন্ত হতে হবে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে গর্ভকালীন সেবা (ANC) কার্ড থাকতে হবে, এই ভাতা ১ম ও ২য় সন্তানের ক্ষেত্রে পাবে। এ ব্যাপারে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। বিদ্যমান নিম্নচাপ ও আসন্ন ঘূর্ণিঝড় “মোখা” মোকাবিলায় আমাদের ইউনিয়ন কমিটি সহ গ্রাম পুলিশ সকলে সচেতন সহ ওয়ার্ডে ওয়ার্ডে ব্যাপক প্রচার চালাতে হবে এই যে, আগামী ১৪/০৫/২০২৩ইং তারিখ ঘূর্ণিঝড় “মোখা” আঘাত আনতে পারে এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে। এ ব্যাপারে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সবাইকে সচেতন থাকার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। আয়-ব্যয়ে প্রসঙ্গে: সভাপতি সাহেবের অনুমতিক্রমে বিগত এপ্রিল/২০২৩ মাসের হিসাব বিবরণী বিস্তারিতভাবে উপস্থাপন করা হয় এবং যাচাই-বছাই ও পরীক্ষা-নিরীক্ষান্তে সঠিক বিবেচনায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অতঃপর আর কোন আলাপ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অতঃপর সভার অন্য কোন আলোচনা না হওয়ায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

